# **গোপনীয়তা নীতি**

## **সর্বশেষ আপডেট করা হয়েছে: 12/08/2025**

## **এই নোটিশ সম্পর্কে**

এই গোপনীয়তা নোটিশ ("নোটিশ") [remitly.com](http://remitly.com)\-এ Remitly-এর ওয়েবসাইট, Remitly মোবাইল অ্যাপ এবং অন্য যেকোনো Remitly-মালকিনাধীন ওয়েবসাইট, অ্যাপ্লিকেশন বা প্রোগ্রামের উপর প্রযোজ্য যা এই নোটিশের সাথে সংযুক্ত। আমাদের গোপনীয়তা অনুশীলন এবং আপনার গোপনীয়তার অধিকারগুলির সংক্ষিপ্ত বিবরণ সহ সাধারণ গোপনীয়তা সম্পর্কিত প্রশ্নের উত্তর পেতে, অনুগ্রহ করে আমাদের [গোপনীয়তা সংক্রান্ত সহায়তা কেন্দ্রে](https://www.remitly.com/help/article/06b7299f-0ba6-4dd5-b33b-8f6a82edda65) যান।

এই নোটিশ, আমাদের কুকি নীতি এবং প্রযোজ্য পরিষেবা সংক্রান্ত চুক্তি(গুলি), যার মধ্যে Remitly [ব্যবহারকারীর চুক্তি](https://www.remitly.com/us/en/home/agreement) অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, আপনার দ্বারা আমাদের পরিষেবা ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যেখানে আমরা এই নোটিশে অন্যান্য বড় হরফের অক্ষরযুক্ত শব্দ এবং বাক্যাংশ (যেমন চুক্তি, অ্যাকাউন্ট, প্রোফাইল, পরিষেবা এবং লেনদেন) ব্যবহার করেছি, আমরা এই নোটিশে সেগুলিকে আলাদাভাবে সংজ্ঞায়িত না করে থাকলে, আমাদের প্রযোজ্য ব্যবহারকারীর চুক্তিতে যেমনটা দেওয়া আছে সেই অনুযায়ী এগুলির অর্থ একই হবে।

ডেটা প্রাইভেসি ফ্রেমওয়ার্ক নোটিশ

Remitly মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগ (সম্মিলিতভাবে, “DPF”) কর্তৃক নির্ধারিত ইউরোপীয়-মার্কিন যুক্তরাষ্ট্র ডেটা প্রাইভেসি ফ্রেমওয়ার্ক (EU-U.S. DPF), EU-U.S. DPF-এর যুক্তরাজ্য এক্সটেনশন (UK এক্সটেনশন) এবং সুইস-মার্কিন যুক্তরাষ্ট্র ডেটা প্রাইভেসি ফ্রেমওয়ার্ক (Swiss-U.S. DPF) মেনে চলে।

এই DPF সার্টিফিকেশনটি Remitly, Inc. (U.S.) এবং নিম্নলিখিত মার্কিন যুক্তরাষ্ট্র-ভিত্তিক আওতাভুক্ত সংস্থা ও মার্কিন সহায়ক সংস্থাগুলিকে অন্তর্ভুক্ত করে:

- Remitly Global Operations, Inc.
- Remitly Global, Inc.
- Remitly Holdings, Inc.
- Remitly ADV, Inc.
- Remitly LS, Inc.
- Remitly Services Holdings, Inc.

আমরা মার্কিন বাণিজ্য বিভাগকে প্রত্যয়িত করেছি যে, আমরা প্রাসঙ্গিক ফ্রেমওয়ার্কের উপর নির্ভর করে ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্য এবং সুইজারল্যান্ড থেকে প্রাপ্ত ব্যক্তিগত ডেটার ক্ষেত্রে DPF নীতিগুলি মেনে চলি। ডেটা প্রাইভেসি ফ্রেমওয়ার্ক ("DPF") প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে এবং আমাদের সার্টিফিকেশন দেখতে, অনুগ্রহ করে এই ওয়েবসাইটে যান: [www.dataprivacyframework.gov](https://www.dataprivacyframework.gov/)।

ফেডারেল ট্রেড কমিশন (FTC)-এর আমাদের DPF সম্মতি সংক্রান্ত বিষয়ে এখতিয়ার রয়েছে। কিছু নির্দিষ্ট ক্ষেত্রে, এই নীতিমালায় বর্ণিত জাতীয় নিরাপত্তা বা আইন প্রয়োগকারী সংস্থার বাধ্যবাধকতা পূরণের জন্য, সরকারি কর্তৃপক্ষের কাছ থেকে প্রাপ্ত আইনসম্মত অনুরোধের জবাবে আমাদের ব্যক্তিগত তথ্য প্রকাশ করার প্রয়োজন হতে পারে।

DPF-এর অধীনে আমরা যে ব্যক্তিগত ডেটা গ্রহণ করি এবং পরবর্তীতে আমাদের পক্ষ থেকে তৃতীয় পক্ষের এজেন্টের কাছে ট্রান্সফার করি, সেই ডেটার প্রক্রিয়াকরণের জন্য আমরা দায়বদ্ধ থাকি। আমরা দায়বদ্ধতার বিধানসহ DPF-এর অনওয়ার্ড ট্রান্সফার সংক্রান্ত শর্তাবলী মেনে চলি।

DPF-এর অধীনে প্রক্রিয়াকৃত ব্যক্তিগত ডেটা (HR ডেটা এবং নন-HR ডেটা) সম্পর্কিত অমীমাংসিত গোপনীয়তা সংক্রান্ত অভিযোগগুলির জন্য, Remitly প্রযোজ্য ক্ষেত্রে EU ডেটা প্রোটেকশন অথরিটি (DPA), UK ইনফরমেশন কমিশনার্স অফিস (ICO) এবং সুইস ফেডারেল ডেটা প্রোটেকশন অ্যান্ড ইনফরমেশন কমিশনার (FDPIC)-এর সাথে সহযোগিতা করে। এই স্বতন্ত্র প্রতিকার ব্যবস্থাটি বিনামূল্যে প্রদান করা হয়। যদি এই চ্যানেলগুলির মাধ্যমে কোনো অভিযোগের সমাধান না হয়, তাহলে নির্দিষ্ট কিছু শর্তে, আপনি অফিসিয়াল DPF ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসারে বাধ্যতামূলক সালিশি প্রক্রিয়ার আশ্রয় নিতে পারেন।ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেন্টাকি এবং রোড আইল্যান্ডের বাসিন্দাদের জন্য নোটিশ।

ব্যক্তিগত তথ্য সংগ্রহের বিষয়ে নোটিশ: নিম্নে "আমরা কী কী ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি?"-এর অধীনে, নিচে আমরা সংগ্রহ করা ব্যক্তিগত তথ্যের বিভাগগুলি তালিকাভুক্ত করি। নিম্নে "আমরা কীভাবে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার বা প্রক্রিয়া করি?"-এর অধীনে নিচে বর্ণিত ব্যবসায়িক এবং বাণিজ্যিক উদ্দেশ্যে আমরা আপনার সম্পর্কে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি। ব্যক্তিগত তথ্য বিক্রয় বা শেয়ার হওয়া থেকে কীভাবে বিরত থাকবেন, সেটি সহ আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে নিচের "অঞ্চল-নির্দিষ্ট গোপনীয়তার শর্তাবলী" বিভাগটি দেখুন।

## **আমরা কারা?**

আমাদের পরিষেবাকে প্রদান করা বা পরিষেবা দ্বারা সংগ্রহ করা যেকোনো ব্যক্তিগত ডেটা আপনার বসবাসের দেশের উপর ভিত্তি করে Remitly-এর প্রযোজ্য অধিভুক্ত দ্বারা নিয়ন্ত্রিত হয়। কোন সত্তা আপনার ব্যক্তিগত ডেটা সংগ্রহ এবং ব্যবহার নিয়ন্ত্রণ করে তা নির্ধারণ করতে এই নোটিশের "আপনার সাথে আমাদের সম্পর্ক" বিভাগে থাকা টেবিলটি দেখুন।

## **আমরা কী কী ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি?**

আমরা আপনার কাছ থেকে যে ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি তা আপনি কীভাবে আমাদের এবং আমাদের পণ্য ও পরিষেবাগুলির সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া করেন তার উপর নির্ভর করে। যখন আমরা "ব্যক্তিগত ডেটা" বা "ব্যক্তিগত তথ্য" শব্দগুলি ব্যবহার করি তখন আমরা চিহ্নিত বা শনাক্তযোগ্য জীবিত ব্যক্তি (natural person)-এর সাথে সম্পর্কিত যেকোনো তথ্যকে বোঝাই। আমরা যে ব্যক্তিগত ডেটা বা তথ্য সংগ্রহ করতে পারি সেগুলির শ্রেণিবিভাগ ও নির্দিষ্ট প্রকারগুলি নিচে দেওয়া হল:

*প্রাথমিক শনাক্তকরণ তথ্য*: যার অন্তর্ভুক্ত আপনার পুরো নাম (উপনাম সহ), ডাক ঠিকানা, ই-মেইল ঠিকানা, ফোন নম্বর, জন্ম তারিখ, লিঙ্গ, পেশা এবং নিয়োগকর্তা, ব্যবহারকারীর নাম বা সোশ্যাল মিডিয়া হ্যান্ডেল অথবা অন্যান্য অনুরূপ শনাক্তকারী (আমাদের সিস্টেমে আপনাকে শনাক্ত করার জন্য আমাদের দ্বারা স্বয়ংক্রিয়ভাবে তৈরি করা একটি গ্রাহক আইডি সহ)।

*গ্রাহক সহায়তার তথ্য:* আপনি যখন গ্রাহক পরিষেবা বা আমাদের অফিসে যোগাযোগ করেন তখন কল রেকর্ডিং সহ (যেমন আমরা যখন মানের নিশ্চয়তার জন্য গ্রাহক পরিষেবা কল রেকর্ড করি) আপনি আমাদেরকে যে তথ্য দেন।

*সরকার কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বা রেকর্ড*: যার অন্তর্ভুক্ত আপনার ড্রাইভিং লাইসেন্স, রাজ্য বা দেশের সরকার কর্তৃক জারি করা পরিচয়পত্র \[যেমন পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, সামরিক বা অভিবাসন পরিচয়পত্র বা ভিসা,

জাতীয় পরিচয়পত্র, জাপানের “My Number” (ব্যক্তিগত নম্বর কার্ড)\] সহ আপনার পরিচয়ের ডকুমেন্টেশনের সাথে নিজের ছবি বা রেকর্ডিং, ঠিকানার প্রমাণের রেকর্ড (যেমন, ইউটিলিটি বিল, লোন বা মর্টগেজ স্টেটমেন্ট), ট্যাক্স রেফারেন্স নম্বর, সোশ্যাল সিকিউরিটি নম্বর বা আপনি কীভাবে আপনার লেনদেনের ফান্ডিং করবেন তার প্রমাণ (যেমন, ব্যাংক স্টেটমেন্ট বা পে স্লিপ)।

*বিপণন এবং যোগাযোগের তথ্য*: যার অন্তর্ভুক্ত আমাদের এবং আমাদের তৃতীয় পক্ষের কাছ থেকে বিপণন গ্রহণ করার আপনার পছন্দগুলি সহ, যোগাযোগের পছন্দগুলি এবং তথ্য যা আমরা আইনত বাজার গবেষণা, বিজ্ঞাপনের নেটওয়ার্ক বা বিশ্লেষণ প্রদানকারীদের কাছ থেকে পাই।

*পেমেন্টের তথ্য:* যার অন্তর্ভুক্ত আপনার আর্থিক বা পেমেন্টের উপকরণের বিবরণ (হয় ডেবিট/ক্রেডিট কার্ড) বা ব্যাংক অ্যাকাউন্টের বিবরণ।

*প্রচার এবং প্রতিযোগিতার তথ্য*: যার অন্তর্ভুক্ত আপনার নাম এবং ইমেইল ঠিকানা এবং আপনাকে প্রচার বা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রদান করতে বলা হতে পারে এমন কিছু অন্যান্য ব্যক্তিগত তথ্য।

*প্রাপক বা অনুমোদনপ্রাপ্ত ব্যবহারকারীর তথ্য:* যার অন্তর্ভুক্ত আপনার প্রাপক বা অনুমোদনপ্রাপ্ত ব্যবহারকারীর পুরো নাম, ডাক ঠিকানা, ফোন নম্বর, টাকা পাঠানোর জন্য নির্বাচিত পদ্ধতির উপর নির্ভর করে নির্দিষ্ট আর্থিক প্রতিষ্ঠান বা আর্থিক অ্যাকাউন্টের বিবরণ যেমন ব্যাংক অ্যাকাউন্ট বা মোবাইল ওয়ালেট অ্যাকাউন্ট। আপনার প্রাপক বা অনুমোদনপ্রাপ্ত ব্যবহারকারী টাকা পেয়েছেন কিনা তা নিয়ে কোনো বিবাদ থাকলে, আমরা আপনার কাছে অতিরিক্ত তথ্য চাইতে পারি যাতে আমরা আর্থিক প্রতিষ্ঠানটির সাথে তার পরিচয় যাচাই করতে পারি।

*Remitly Flex সংক্রান্ত তথ্য*: যার অন্তর্ভুক্ত আপনার লেনদেনের ইতিহাস (একটি অনন্য লেনদেনের রেফারেন্স নম্বর সহ), লেনদেনের রসিদ, লেনদেনের উদ্দেশ্য, আপনার লেনদেনের গড় পরিমাণ এবং অন্যান্য তথ্য যা আমরা অর্থপাচার বিরোধী নিয়ম মেনে চলতে এবং 'আপনার গ্রাহককে জানুন' সংক্রান্ত বাধ্যবাধকতাগুলির জন্য সংগ্রহ করি।

*সংবেদনশীল ব্যক্তিগত ডেটা:* যার অন্তর্ভুক্ত বায়োমেট্রিক ডেটা এবং আপনার অ্যাকাউন্টকে সুরক্ষিত রাখতে এবং সন্দেহজনক বা জালিয়াতিমূলক কার্যকলাপ শনাক্ত করতে আপনার পরিচয় যাচাইকরণের উদ্দেশ্যে এবং লগইন সংক্রান্ত কার্যকলাপ নিরীক্ষণের জন্য আপনার প্রদান করা ফটো এবং ভিডিওগুলি থেকে প্রধানত মুখের স্ক্যান করা তথ্য এবং আমাদের সাইটের সাথে আপনার ক্রিয়া-প্রতিক্রিয়াগুলি। যদিও আমরা আপনার বায়োমেট্রিক

ডেটা প্রক্রিয়া করি না, আমাদের পরিচয় যাচাইকরণ পরিষেবা প্রদানকারী, Onfido, আমাদের পক্ষ থেকে এটি প্রক্রিয়া করে থাকে।

*সমীক্ষা এবং ফিডব্যাক সংক্রান্ত তথ্য:* যার অন্তর্ভুক্ত আপনার নাম, ইমেইল ঠিকানা বা যোগাযোগের অন্যান্য তথ্য, সমীক্ষার উত্তর, পর্যালোচনা, মতামত, প্রশংসাপত্র এবং আপনাকে প্রদান করতে বলা হতে পারে এমন কিছু অন্যান্য ব্যক্তিগত তথ্য।

*প্রযুক্তিগত তথ্য:* যার অন্তর্ভুক্ত পরিষেবাগুলি অ্যাক্সেস করার জন্য আপনি যে হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার ব্যবহার করেন, নেটওয়ার্ক সংক্রান্ত তথ্য, ইন্টারনেট পরিষেবা প্রদানকারী, অপারেটিং সিস্টেম, আপনি যে ধরনের ব্রাউজার ব্যবহার করেন, অনন্য ডিভাইস শনাক্তকারী (যেমন আপনার ডিভাইসের IMEI নম্বর, MAC ঠিকানা, বা মোবাইল নম্বর), IP ঠিকানা, অন্যান্য অনুরূপ অনন্য শনাক্তকারী, আপনার বর্তমান লোকেশন (GPS প্রযুক্তি ব্যবহার করে, আমাদের কিছু লোকেশন নির্ভর পরিষেবার জন্য আপনার ব্যক্তিগত ডেটার প্রয়োজন হয়)।

*লেনদেন সংক্রান্ত তথ্য*: যার অন্তর্ভুক্ত আপনার লেনদেনের ইতিহাস (লেনদেনের অনন্য রেফারেন্স নম্বর সহ), লেনদেনের রসিদ, ট্রান্সফারের উদ্দেশ্য, প্রাপক বা অনুমোদিত ব্যবহারকারীর সাথে সম্পর্ক, আপনার লেনদেনের গড় পরিমাণ, আপনি কত ঘন ঘন আমাদের পরিষেবাগুলি ব্যবহার করেন, আপনি একাধিক প্রাপককে টাকা পাঠান কিনা বা একাধিক অনুমোদনপ্রাপ্ত ব্যবহারকারী আছে কিনা এবং অন্যান্য তথ্য যা আমরা অর্থপাচার বিরোধী নিয়ম মেনে চলতে এবং 'আপনার গ্রাহককে জানুন' সংক্রান্ত বাধ্যবাধকতাগুলির জন্য সংগ্রহ করি।

*ব্যবহারের তথ্য:* যার অন্তর্ভুক্ত আমাদের পরিষেবা বা সাইটের সাথে আপনার ক্রিয়া-প্রতিক্রিয়া বা ব্রাউজ বা সার্চের বিষয়ে তথ্য।

ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেনটাকি এবং রোড আইল্যান্ডের বাসিন্দাদের জন্য, অনুগ্রহ করে মনে রাখবেন যে, আমরা লিঙ্গ এবং বয়স সহ ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেনটাকি, রোড আইল্যান্ড ও ফেডারেল আইনের অধীনে সোশ্যাল সিকিউরিটি নম্বর, ড্রাইভিং লাইসেন্স, স্টেটের দেওয়া পরিচয়পত্র বা পাসপোর্ট নম্বর এবং *সুরক্ষিত শ্রেণি* সহ *সংবেদনশীল ব্যক্তিগত তথ্য* সংগ্রহ করতে পারি।

## **আমরা কীভাবে আপনার ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি?**

আমরা বিভিন্ন সূত্র থেকে আপনার বিষয়ে ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি। উদাহরণস্বরূপ, আমরা তথ্য সংগ্রহ ও

অর্জন করি:

সরাসরি আপনার কাছ থেকে

আমরা আপনার দেওয়া ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি, যেমন যখন আপনি আমাদের পরিষেবা ব্যবহার করেন, অ্যাকাউন্ট বা প্রোফাইল তৈরি করেন, আমাদের সাথে যোগাযোগ করেন (চ্যাটের মাধ্যমে সহ), সমীক্ষায় উত্তর দেন, ইভেন্টগুলিতে আমাদের সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া করেন, সুইপস্টেক, প্রতিযোগিতা, বা অন্যান্য অনুরূপ ক্যাম্পেনে বা প্রচারে অংশগ্রহণ করেন, সমীক্ষায় উত্তর দেন, পর্যালোচনা পোস্ট করেন বা ইমেইল, টেক্সট মেসেজ এবং/অথবা ডাকযোগে চিঠি পেতে সাইন আপ করেন।

কুকি ও অন্যান্য স্বয়ংক্রিয় তথ্য সংগ্রহ প্রযুক্তি ব্যবহার করে

আপনি যখন আমাদের ওয়েবসাইটগুলিতে যান, আমাদের অ্যাপ ব্যবহার করেন, আমরা আপনাকে যে ইমেইলগুলি পাঠাই তা খোলেন বা ক্লিক করেন বা আমাদের বিজ্ঞাপনগুলির সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া করেন তখন আমাদের বা আমাদের সাথে যে তৃতীয় পক্ষগুলি কাজ করে তাদের তরফে কুকি, ওয়েব বিকন, ক্লিয়ার GIF, পিক্সেল, ইন্টারনেট ট্যাগ, ওয়েব সার্ভার লগ, এবং ডেটা সংগ্রহের অন্যান্য উপকরণের মতো প্রযুক্তিগুলি ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে কিছু তথ্য সংগ্রহ করা হয়। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের [কুকি নীতি](https://www.remitly.com/us/en/home/cookies) দেখুন।

অন্যান্য উৎস থেকে

আমরা অন্যান্য সূত্র, যেমন ডেটা বিশ্লেষণ প্রদানকারী, বিপণন বা বিজ্ঞাপন পরিষেবা প্রদানকারী, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম বা নেটওয়ার্ক, জালিয়াতি প্রতিরোধ বা পরিচয় যাচাইকরণ পরিষেবা প্রদানকারী, ইলেকট্রনিক ডেটাবেস, ক্রেডিট রিপোর্টিং এজেন্সি, ভেন্ডর যারা আমাদের হয়ে পরিষেবা প্রদান করে, বা সর্বজনীনভাবে উপলভ্য সূত্রগুলি থেকে আপনার সম্পর্কে তথ্য পেতে পারি।

## **আমরা কীভাবে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার বা প্রক্রিয়া করি?**

আমরা আপনার ব্যক্তিগত ডেটা শুধুমাত্র তখনই ব্যবহার করব যখন আইন আমাদের তা করার অনুমতি দেবে। আপনি কোন দেশে থাকেন তার উপর নির্ভর করে, আমরা আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করার জন্য নিম্নলিখিত

আইনি ভিত্তিগুলির উপর নির্ভর করি:

আইনি বাধ্যবাধকতাগুলি মেনে চলা

আমরা আমাদের আইনি বা নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতা মেনে চলতে, আমাদের অধিকার প্রতিষ্ঠা বা প্রয়োগ করতে এবং আইনি দাবির বিরুদ্ধে নিজেদের প্রতিরক্ষা করতে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করে থাকি।

সুরক্ষা ও জালিয়াতি প্রতিরোধ

আমরা প্রতারণামূলক লেনদেন, আমাদের নীতি, পদ্ধতি, এবং নিয়ম এবং শর্তাবলী লঙ্ঘন করার চেষ্টা বা লঙ্ঘন করা, নিরাপত্তা সংক্রান্ত ঘটনা, এবং Remitly এবং আমাদের ব্যবহারকারী, গ্রাহক, কর্মী বা অন্যদের অধিকার, সম্পত্তি বা নিরাপত্তার ক্ষতি সমেত সম্ভাব্য ক্ষতিকর, প্রতারণামূলক, জালিয়াতিমূলক বা বেআইনি কার্যকলাপ শনাক্ত করতে, তদন্ত করতে, প্রতিরোধ করতে বা এগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিতে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করে থাকি।

প্রযোজ্য আইনগুলি মেনে চলা

আমরা প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলার জন্য, যেমন "আপনার-গ্রাহককে-জানুন", অর্থপাচার রোধের প্রয়োজনীয়তা, নিষেধাজ্ঞা আইন, এবং ঝুঁকির তদন্ত, ঝুঁকির স্কোরিং, জালিয়াতি, সন্ত্রাসী অর্থায়ন রোধ, উপভোক্তা সুরক্ষা এবং অভিযোগ পরিচালনা সংক্রান্ত বিভিন্ন সম্পর্কিত নিয়ন্ত্রক নিয়ম ও নির্দেশিকার ক্ষেত্রে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করে থাকি।

কোনো চুক্তি সম্পাদন করতে

আমাদের পরিষেবাগুলি প্রদান করতে

আপনি যখন আমাদের পরিষেবাগুলি অ্যাক্সেস বা ব্যবহার করেন তখন আমরা বিভিন্ন কাজ করতে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি, যার মধ্যে রয়েছে আপনার লেনদেন(গুলি) প্রক্রিয়া করা, আপনার অ্যাকাউন্ট বজায় রাখা এবং পরিচালনা করা, প্রচারমূলক অফার বা পুরস্কার ডেলিভার/নির্বাহ করা, পেমেন্ট প্রক্রিয়া করা।

আপনার সাথে যোগাযোগ করা

আমরা আপনার সাথে যোগাযোগ করতে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি, যেমন আপনার অনুরোধ, অনুসন্ধান, সমস্যা বা মতামতের প্রতিক্রিয়া জানাতে এবং/অথবা ফলো-আপ করতে এবং গ্রাহক পরিষেবা প্রদান করতে।

সম্মতি বা আইনসম্মত আগ্রহ

বিপণন ও প্রচারমূলক উদ্দেশ্য

আমরা বিপণন এবং প্রচারমূলক উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি, যেমন ইমেইল, টেক্সট মেসেজ বা পোস্টাল মেইলের মাধ্যমে বিপণন, বিজ্ঞাপন এবং প্রচারমূলক যোগাযোগ পাঠানো; সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য ওয়েবসাইটে আপনার আগ্রহ অনুসারে বাছাই করা পণ্য এবং/অথবা পরিষেবাগুলির বিজ্ঞাপন দেখানো; এবং আমাদের নতুন গ্রাহক প্রচার, সুইপস্টেক, প্রতিযোগিতা এবং অন্যান্য অনুরূপ প্রচারগুলি পরিচালনা করার জন্য।

বিশ্লেষণ ও ব্যক্তিগতকরণ

আমাদের পরিষেবা এবং পণ্যের অফারগুলির উন্নতি সাধন সহ গবেষণা এবং বিশ্লেষণ পরিচালনা করার জন্য; আমাদের ওয়েবসাইট, অ্যাপ, এবং বিপণন প্রচারণাকে (ব্যবসা এবং বিপণন বিশ্লেষণ) উন্নত করার লক্ষ্যে, আমাদের ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, বিজ্ঞাপনে আপনি কীভাবে যোগাযোগ করেন তা বোঝা এবং আপনার সাথে যোগাযোগ করার বিষয়টি বোঝার জন্য; আপনার অভিজ্ঞতাকে ব্যক্তিগতকৃত করা, আপনি যখন আমাদের ওয়েবসাইট এবং অ্যাপে যান তখন আপনার সময় বাঁচানো এবং আমরা আপনাকে যে বিপণন এবং বিজ্ঞাপনগুলি দেখাই তা উপযোগী করার জন্য; আপনি কীভাবে আমাদের অ্যাপ এবং ওয়েবসাইট ব্যবহার করেন তা বোঝার জন্য আমরা আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি।

অন্যান্য ব্যবসায়িক ও বাণিজ্যিক উদ্দেশ্যে

আপনার নির্দেশে বা আপনার সম্মতি নিয়ে, আমরা অন্য কোনো ব্যবসায়িক বা বাণিজ্যিক উদ্দেশ্য পূরণ করার জন্য নির্দিষ্ট ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করতে পারি।

আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনি ভিত্তিগুলি সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে নিচের, "আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনি ভিত্তি কী?" শীর্ষক বিভাগটি দেখুন।

## **আমরা আপনার ব্যক্তিগত ডেটা কাদের সাথে শেয়ার করি?**

এই গোপনীয়তা নোটিশের অন্য কোনো জায়গায় আলোচনা করা নির্দিষ্ট পরিস্থিতিগুলি ছাড়াও, আমরা নিচের পরিস্থিতিগুলিতে ব্যক্তিগত ডেটা প্রকাশ করি:

কর্পোরেট অধিভুক্ত

আমরা আমাদের মূল কোম্পানি, অধিভুক্ত ও সহায়ক সংস্থাগুলি সহ আমাদের কর্পোরেট অধিভুক্তদের সাথে ব্যক্তিগত ডেটা শেয়ার করতে পারি। এই ধরনের কর্পোরেট অধিভুক্তরা আমাদের তরফে পরিষেবা প্রদানের জন্য বা অন্য পরিস্থিতিতে আপনার সম্মতি নিয়ে বা আইন অনুযায়ী অনুমোদিত বা আবশ্যকতা অনুযায়ী ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করে থাকে।

পরিষেবা প্রদানকারী

আমরা তৃতীয় পক্ষের সাথে কিছু ব্যক্তিগত ডেটা শেয়ার করি যারা আমাদের মূল ব্যবসায়িক কার্যকারিতা এবং অভ্যন্তরীণ কাজকর্মে সহায়তা করার জন্য পরিষেবাগুলি সম্পাদন করে। এর মধ্যে রয়েছে ব্যাংক, ডিসবার্সমেন্ট প্রদানকারী, বা আপনার টাকা ট্রান্সফার বা অন্যান্য আর্থিক পরিষেবার অনুরোধ সম্পূর্ণকারী অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান (পেমেন্ট প্রক্রিয়াকারী সহ), পরিচয় যাচাই বা KYC পরিষেবা প্রদানকারী, তৃতীয় পক্ষগুলি যারা ডাকযোগে চিঠি, ইমেইল এবং টেক্সট মেসেজ পাঠানোর জন্য সফ্টওয়্যার এবং টুলগুলি সরবরাহ করে, অথবা গ্রাহকের ডেটা বিশ্লেষণ করে, বিপণন সহায়তা প্রদান করে, আমাদের পর্যালোচনাগুলি পরিচালনা করে, প্রতারণামূলক কার্যকলাপের তদন্ত করে, গ্রাহক সমীক্ষা পরিচালনা করে এবং আউটসোর্স করা গ্রাহক পরিষেবা প্রদানকারী।

## তৃতীয় পক্ষের অংশীদার

আমরা যৌথভাবে একটি পণ্য, পরিষেবা তৈরি ও অফার করার এবং যৌথ প্রচারের জন্য, আমাদের অংশীদারীত্ব করা তৃতীয় পক্ষগুলির সাথে আপনার ব্যক্তিগত ডেটা শেয়ার করতে পারি। যদি আমাদের সন্দেহ হয় যে আপনি আমাদের শর্তাবলী লঙ্ঘন করছেন বা আমাদের ব্যবসার সাথে সম্পর্কিত ক্ষেত্রে প্রতারণামূলক আচরণ করছেন, তাহলে আমরা আমাদের ব্যাংকিং বা ডিস্ট্রিবিউশন অংশীদারদের সাথেও আপনার ব্যক্তিগত ডেটা শেয়ার করতে পারি। তাদের দ্বারা আপনার তথ্যের ব্যবহার এই গোপনীয়তা নোটিশ দ্বারা নিয়ন্ত্রিত হবে না, বরং তাদের নিজস্ব গোপনীয়তা নীতির দ্বারা নিয়ন্ত্রিত হবে।

## সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ও নেটওয়ার্ক

আমাদের কিছু ওয়েবসাইটে প্লাগইন, উইজেট বা অন্যান্য টুলগুলির মতো বৈশিষ্ট্য রয়েছে যা তৃতীয় পক্ষের দ্বারা উপলভ্য করানো হয়ে থাকে, যার ফলে আমাদের ও তৃতীয় পক্ষের মধ্যে তথ্য সংগ্রহ বা শেয়ার করা হতে পারে। তাদের দ্বারা আপনার তথ্যের ব্যবহার এই গোপনীয়তা নোটিশ দ্বারা নিয়ন্ত্রিত হবে না, বরং তাদের নিজস্ব গোপনীয়তা নীতির দ্বারা নিয়ন্ত্রিত হবে।

## ব্যবসায়িক লেনদেন

যদি আমরা একত্রীকরণ, কর্পোরেট লেনদেন বা আমাদের কিছু বা সমস্ত ব্যবসায়িক সম্পদ ট্রান্সফারের সাথে জড়িত অন্য কোনো পরিস্থিতির সাথে নিযুক্ত হই, তাহলে আমরা আপনার তথ্য আলোচনা বা ট্রান্সফারের সাথে সংশ্লিষ্ট ব্যবসায়িক সত্তাদের বা ব্যক্তিদের সাথে শেয়ার করতে পারি।

## আইনি প্রক্রিয়া

আমরা সপিনা, ওয়ারেন্ট, আদালতের আদেশ, সরকারী অনুসন্ধান বা তদন্তের প্রতিক্রিয়া হিসাবে বা প্রাসঙ্গিক আইন ও প্রবিধান মেনে চলতে ব্যক্তিগত ডেটা প্রকাশ করতে পারি। এছাড়াও আমরা আমাদের অধিকার বা অন্যদের অধিকার প্রতিষ্ঠা করা, অনুশীলন করা বা রক্ষা করা; আইনি দাবির বিরুদ্ধে নিজের প্রতিরক্ষা করা; আমাদের পরিদর্শকদের নিরাপত্তা ও সুরক্ষা বজায় রাখা; জালিয়াতি চিহ্নিত করা এবং এটির বিরুদ্ধে সুরক্ষা দেওয়া; এবং সম্ভাব্য বেআইনি কার্যকলাপ বা আমাদের নীতি লঙ্ঘনের বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তথ্য প্রকাশ করতে পারি।

অন্যান্য উদাহরণ

এই নোটিশে অন্য কোথাও বর্ণনা করা হয়নি এমন অন্যান্য তৃতীয় পক্ষের সাথে আপনার তথ্য শেয়ার করার বিষয়টি আপনি পছন্দ করবেন কি না তা আমরা আপনাকে জিজ্ঞাসা করতে পারি।

## **আমরা কেন সংবেদনশীল ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করি?**

আমরা আপনাকে আমাদের পরিচয় যাচাইকরণ প্রদানকারীর একটিকে বায়োমেট্রিক ডেটা সরবরাহ করতে বলতে পারি। যেখানে ডেটা সুরক্ষা আইনগুলি শুধুমাত্র আপনার সম্মতিতে বায়োমেট্রিক ডেটা প্রক্রিয়া করার অনুমতি দেয়, আমরা প্রক্রিয়াকরণের আগে আপনার সম্মতি চাইবো।

উদাহরণস্বরূপ, আপনার পরিচয় যাচাই করার জন্য Remitly, Onfido-এর পরিষেবা ব্যবহার করে। Onfido আপনার পরিচয়ের ডকুমেন্টগুলি কার্যকর কিনা তা পরীক্ষা করবে এবং এছাড়াও নিশ্চিত করবে যে আপনার সেলফি ফটো এবং/অথবা ভিডিও, ডকুমেন্টে থাকা ফটোর সাথে মেলে এবং [Onfido-এর ফেসিয়াল স্ক্যান ও ভয়েস রেকর্ডিং নীতি](https://onfido.com/facial-scan-policy-and-release/) এবং [Onfido-এর গোপনীয়তা নীতি](https://onfido.com/privacy/) অনুসারে আপনার বায়োমেট্রিক তথ্য প্রক্রিয়া করতে পারে। তারপর এই যাচাইয়ের ফলাফল Remitly-এর সাথে শেয়ার করা হবে। এই উদ্দেশ্যে এবং সেইসাথে Onfido-কে এর পরিষেবাগুলি বজায় রাখতে, রক্ষা করতে এবং উন্নত করার অনুমতি দিতে আপনার ফটো এবং আইডি ডকুমেন্ট Onfido-এর সাথে শেয়ার করা হবে।

## **আমরা কি আপনার সম্পর্কে স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ করি?**

আপনার পরিচয় যাচাই করার এবং জালিয়াতি বা অন্যান্য বেআইনি কার্যকলাপ প্রতিরোধে সহায়তা করার জন্য এবং তাছাড়া আমাদের পরিষেবাগুলিতে আপনার অ্যাক্সেস এবং আমাদের পরিষেবাগুলির আপনার ব্যবহার আমাদের প্রয়োজনীয় মান পূরণ করে কিনা তা পরীক্ষা করার জন্য আমরা স্বয়ংক্রিয় প্রক্রিয়াগুলি ব্যবহার করি। এই প্রক্রিয়াগুলি আপনার প্রস্তাবিত লেনদেন প্রত্যাখ্যান করার জন্য, আপনার অ্যাকাউন্টে লগইন করার কোনো সন্দেহজনক প্রচেষ্টাকে ব্লক করতে বা আপনার অ্যাকাউন্ট বন্ধ করার জন্য একটি স্বয়ংক্রিয় সিদ্ধান্ত নিতে পারে। আপনি যদি মনে করেন যে কোনো স্বয়ংক্রিয় প্রক্রিয়া আপনাকে প্রভাবিত করেছে তাহলে অনুগ্রহ করে privacy@remitly.com\-এ আমাদের গোপনীয়তা টিমের সাথে যোগাযোগ করুন।

**আমার গোপনীয়তা সংক্রান্ত অধিকারগুলি কী কী?**

বিশ্বের কিছু অঞ্চলে আমাদের গ্রাহকদের প্রযোজ্য গোপনীয়তা আইন এবং প্রবিধানের উপর ভিত্তি করে নির্দিষ্ট ডেটা গোপনীয়তা অধিকার রয়েছে। আমরা আমাদের সকল গ্রাহকদের জন্য আদর্শ হিসাবে সর্বোত্তম গোপনীয়তার পদ্ধতিগুলি বাস্তবায়ন করার চেষ্টা করি।

*আপনার ডেটা অ্যাক্সেস করা ও ডেটার স্থানান্তরযোগ্যতা*

আমাদের দ্বারা প্রক্রিয়া করা আপনার ব্যক্তিগত ডেটার একটি কপি আপনাকে প্রদানের জন্য আপনি আমাদেরকে অনুরোধ করতে পারেন। এই তথ্যগুলি অযথা বিলম্ব ছাড়াই প্রদান করা হবে, তবে কিছু ব্যতিক্রম বা সীমাবদ্ধতা রয়েছে, যার মধ্যে এই ধরনের বিধান অন্যদের অধিকার এবং স্বাধীনতাকে প্রতিকূলভাবে প্রভাবিত করা অন্তর্ভুক্ত রয়েছে।

*আপনার ডেটা সঠিক করা / ডেটা সংশোধন*

আমরা যাতে আপনার ব্যক্তিগত ডেটাতে থাকা ভুলগুলি আপডেট ও সংশোধন করি, সে ব্যাপারে আপনার অনুরোধ করার অধিকার রয়েছে। আপনি প্রযোজ্য হিসেবে আমাদের সাইট বা অ্যাপে আপনার অ্যাকাউন্টে লগ ইন করার মাধ্যমে আপনার অ্যাকাউন্ট সম্পর্কিত নির্দিষ্ট তথ্য আপডেট করতে পারেন, বা অন্যথায় যেমনটা নিচে আপনার গোপনীয়তার অধিকারের প্রয়োগ বিভাগে বর্ণনা করা হয়েছে সেই অনুযায়ী আমাদের সাথে যোগাযোগ করে তা করতে পারেন।

*ডেটা মুছে দেওয়া*

প্রযোজ্য আইন সাপেক্ষে, আপনি নিজের ব্যক্তিগত ডেটা মুছে দেওয়ার অনুরোধ করতে পারেন। আপনি যদি আপনার অ্যাকাউন্ট বন্ধ করে দেন তাহলে আমরা আমাদের ডেটাবেসে আপনার অ্যাকাউন্টটিকে "বন্ধ" হিসাবে চিহ্নিত করব, তবে কিছু সময়ের জন্য অ্যাকাউন্টের কিছু নির্দিষ্ট তথ্য রাখব। জালিয়াতি প্রতিরোধ করার জন্য, এটি নিশ্চিত করার মাধ্যমে যে প্রতারণার চেষ্টা করা ব্যক্তিরা যাতে শুধু তাদের অ্যাকাউন্ট বন্ধ করে এবং একটি নতুন অ্যাকাউন্ট খুলে ধরা পড়া এড়াতে না পারে এবং আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য এটি আবশ্যক। তবে, আপনি যদি আপনার অ্যাকাউন্ট বন্ধ করে দেন, তাহলে আইনি প্রয়োজনীয়তার জন্য বা এই নোটিশ অনুসারে, জালিয়াতি প্রতিরোধ এবং আইন প্রয়োগকারীকে সহায়তা করার প্রয়োজন ছাড়া, আমাদের দ্বারা আপনার ব্যক্তিগত ডেটা আর কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হবে না, বা তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা হবে না।

*ডেটা প্রক্রিয়াকরণে আপত্তি*

নির্দিষ্ট পরিস্থিতিতে, আমাদের দ্বারা আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণ বা ট্রান্সফার করার বিষয়ে আপনার আপত্তি জানানোর অধিকার আছে। আপনি বৈধ স্বার্থের ভিত্তিতে যেকোনো প্রক্রিয়াকরণে আপত্তি জানাতে পারেন যখন আপনার নির্দিষ্ট পরিস্থিতি সম্পর্কে এমন কিছু থাকবে যেখানে আপনি অনুভব করবেন যে এই ভিত্তিতে প্রক্রিয়াকরণ আপনার মৌলিক অধিকার এবং স্বাধীনতাকে প্রভাবিত করছে।

*সরাসরি বিপণন থেকে আনসাবস্ক্রাইব করা*

বিপণনের উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া না করার জন্য আমাদেরকে বলার অধিকার আপনার আছে। আপনি যে কোনো সময় এই অধিকারটি আপনাকে উপলভ্য করানো 'আনসাবস্ক্রাইব করুন' পদক্ষেপগুলি সম্পাদন করে ব্যবহার করতে পারেন (যেমন আমাদের আপনাকে পাঠানো প্রতিটি প্রচারমূলক ইমেইলে থাকা 'আনসাবস্ক্রাইব করুন' লিঙ্কে ক্লিক করে)। আমরা আপনার পছন্দকে সম্মান জানাব এবং আপনাকে এই ধরনের যোগাযোগ পাঠানো থেকে বিরত থাকব। অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনি যদি আমাদের বলেন একটি নির্দিষ্ট ইমেইল ঠিকানায় আপনার সাথে যোগাযোগ না করার জন্য, তাহলে আপনার যোগাযোগ না করার অনুরোধটি মেনে চলতে আমরা সেই ইমেইল ঠিকানার একটি কপি 'নিয়ন্ত্রণ তালিকা'-তে রেখে দেবো। আপনি যেকোনো সময় নির্দ্বিধায় আপনার বিপণনের পছন্দকে পরিবর্তন করতে পারেন।

আপনার অ্যাকাউন্টে নিজের পছন্দগুলি নিশ্চিত করে আমাদের পরিষেবাগুলির অংশ হিসাবে আমরা কীভাবে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি (যেমন আমরা কীভাবে আপনার সাথে যোগাযোগ করতে পারি) তাও আপনি নিয়ন্ত্রণ করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে, সমস্ত যোগাযোগ বন্ধ করা যাবে না \-- উদাহরণস্বরূপ, জাতীয় আইন এবং নিয়ন্ত্রক নির্দেশিকা অনুসারে আমাদের আইনি বাধ্যবাধকতাগুলি মেনে চলার জন্য আমাদের পরিষেবাগুলি সম্পর্কে আপনাকে ইমেইল নোটিশ পাঠানো আমাদের পক্ষে আবশ্যক হতে পারে।

*প্রোফাইলিং সহ স্বয়ংক্রিয় ব্যক্তিগত সিদ্ধান্ত গ্রহণ*

কিছু আইনি অঞ্চলে, প্রাসঙ্গিক ডেটা সুরক্ষা আইনের অধীনে যদি না প্রযোজ্য ব্যতিক্রম থাকে, তাহলে প্রোফাইলিং সহ, আপনার ব্যক্তিগত ডেটার স্বয়ংক্রিয় প্রক্রিয়াকরণের উপর ভিত্তি করে এরকম কোনো সিদ্ধান্তের অধীন না হওয়ার অধিকার আপনার রয়েছে, যা আপনার উপর আইনি বা একইভাবে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। যদি তথ্য

প্রদানের ফলস্বরূপ কোনো ট্রেড সিক্রেট প্রকাশ করা হয় বা প্রতারণা বা অন্যান্য অপরাধের প্রতিরোধ বা শনাক্তকরণে হস্তক্ষেপ হয় তবে প্রযোজ্য আইনের অনুমতি অনুযায়ী আমরা আপনার অনুরোধ প্রত্যাখ্যান করতে পারি। তবে, সাধারণত এই পরিস্থিতিতে আমরা যাচাই করব যে অ্যালগরিদম এবং সোর্স ডেটা ত্রুটি বা পক্ষপাত ছাড়াই প্রত্যাশা মতো কাজ করছে অথবা প্রক্রিয়াকরণ সামঞ্জস্য করার আইনি আবশ্যকতা রয়েছে কিনা।

*আপনার সম্মতি প্রত্যাহার করা*

যেক্ষেত্রে প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি আপনার সম্মতির উপর নির্ভর করে সেক্ষেত্রে আমাদের ডেটা প্রক্রিয়া করার প্রতি সম্মতি প্রত্যাহার করার অধিকার আপনার আছে। মনে রাখবেন যে সম্মতি প্রত্যাহার এমন প্রক্রিয়াকরণের বৈধতাকে প্রভাবিত করে না যা সম্মতি প্রত্যাহারের আগে সংঘটিত হয়ে থাকতে পারে। আপনি যদি নিজের সম্মতি প্রত্যাহার করেন তাহলে আমরা আপনাকে কিছু পণ্য বা পরিষেবা প্রদান করতে সক্ষম নাও হতে পারি।

*মার্কিন যুক্তরাষ্ট্রের ওরেগনের বাসিন্দা: তৃতীয় পক্ষের তালিকা*

আপনি যদি ওরেগন স্টেটের বাসিন্দা হন, তবে আপনার কাছে আমাদের বিকল্পে, জীবিত ব্যক্তি ( natural person) ব্যতীত নির্দিষ্ট তৃতীয় পক্ষের একটি তালিকা পাওয়ার অধিকার রয়েছে, যার কাছে আমরা প্রকাশ করেছি: (i) আপনার ব্যক্তিগত ডেটা বা (ii) যেকোনো ব্যক্তিগত ডেটা।

আপনার গোপনীয়তার অধিকার প্রয়োগ করা

উপরোক্ত কোনো গোপনীয়তা সংক্রান্ত অধিকার প্রয়োগের জন্য, অনুগ্রহ করে, নিচের পদ্ধতিগুলির কোনোটির মাধ্যমে একটি অনুরোধ জমা দিন:

- আপনার Remitly অ্যাকাউন্টের সাথে সংযুক্ত ইমেইল ব্যবহার করে privacy@remitly.com\-এ আমাদের ইমেইল পাঠিয়ে; বা
- চ্যাট বা ফোনের মাধ্যমে [আমাদের সাথে যোগাযোগ করা](https://www.remitly.com/us/en/help#contact)।

আমরা সাধারণত আপনার গোপনীয়তা অধিকার প্রয়োগের জন্য কোনো ফি নিই না, কিন্তু যেখানে আইন দ্বারা অনুমোদিত, আমরা অত্যধিক বা স্পষ্টভাবে ভিত্তিহীন অনুরোধগুলির জন্য যুক্তিসঙ্গত ফি চার্জ করতে পারি।

*পরিচয় যাচাইকরণ*

আমাদেরকে কিছু অনুরোধের প্রক্রিয়া করতে, আপনার পরিচয় যাচাই করতে হবে, যাতে নিশ্চিত করা যায় যে অনুরোধটি আপনার কাছ থেকেই এসেছে। আমরা আপনার অনুরোধ যাচাই করার জন্য ফোনে বা ইমেইলে আপনার সাথে যোগাযোগ করতে পারি। যদি আমরা আপনার সাথে যোগাযোগ করতে না পারি বা নিজের পরিচয় দেওয়ার জন্য আপনি আমাদের অনুরোধে সাড়া দিতে ব্যর্থ হন, তাহলে আপনার অনুরোধ পূরণ করা আমাদের পক্ষে সম্ভব নাও হতে পারে।

## **আমরা কীভাবে আপনার ডেটা সুরক্ষিত রাখি?**

আপনার আমাদের কাছে জমা দেওয়া তথ্যের সুরক্ষার জন্য আমরা ইন্ডাস্ট্রিতে গৃহীত প্রযুক্তিগত এবং সাংগঠনিক ব্যবস্থা প্রয়োগ করি। আমরা ট্রানজিটে এবং বাকি সময়ে এনক্রিপশন ব্যবহার করে আপনার সংবেদনশীল ব্যক্তিগত ডেটা যেমন ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, ক্রেডিট কার্ড নম্বর, জন্মতারিখ, এবং সরকারী শনাক্তকরণ নম্বর সুরক্ষিত রাখি। যাদের জানার প্রয়োজন আছে তাদের ব্যক্তিগত ডেটাতে অ্যাক্সেস সীমিত করার জন্য আমরা অ্যাক্সেস নিয়ন্ত্রণগুলি ব্যবহার করি। আমাদের সাইট এবং/অথবা আমাদের অ্যাপে যারা তাদের তথ্য অ্যাক্সেস করতে চান এমন প্রতিটি ব্যবহারকারীকে আমাদের প্রয়োজন অনুযায়ী সুরক্ষার প্রমাণপত্রাদি (উদাহরণস্বরূপ, যার মধ্যে একটি ব্যবহারকারীর নাম এবং পাসওয়ার্ড অন্তর্ভুক্ত থাকতে পারে) ব্যবহার করতে হবে।

আপনাকে আমাদের পরিষেবার নির্দিষ্ট অংশগুলিতে অ্যাক্সেস করতে দেওয়ার জন্য আমরা যে সব ক্ষেত্রে আপনাকে সুরক্ষার প্রমাণপত্রাদি (যেমন একটি পাসওয়ার্ড) দিয়েছি, সেই সব ক্ষেত্রে আপনি এই বিবরণগুলি গোপনীয় এবং সুরক্ষিত রাখার জন্য দায়ী থাকবেন। এছাড়াও, আপনি যদি আপনার ডিভাইসে আপনার আঙুলের ছাপ ব্যবহার করে আমাদের পরিষেবাগুলিতে অ্যাক্সেসের অনুমতি দেন (উদাহরণস্বরূপ, Apple Touch ID-র মাধ্যমে), তাহলে আপনি অন্য কোনো ব্যক্তিকে সেই ডিভাইসে তার আঙুলের ছাপ নিবন্ধন করার অনুমতি দেবেন না, কারণ এটি সেই ব্যক্তিকে আমাদের পরিষেবাগুলিতে অ্যাক্সেসের সুযোগ করে দিতে পারে এবং তার কাজের জন্য আপনাকে দায়ী করা হতে পারে। তবে, ইন্টারনেটের মাধ্যমে প্রেরণের কোনো পদ্ধতি বা কোনো ইলেকট্রনিক পদ্ধতিতে জমা রাখা 100% নিরাপদ নয়। তাই, আমরা এর চরম সুরক্ষার নিশ্চয়তা দিতে পারি না এবং ব্যক্তিগত তথ্যের যেকোনো প্রেরণ আপনার নিজের ঝুঁকিতে করতে হবে। সুরক্ষা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি আমাদের সাথে privacy@remitly.com\-এ যোগাযোগ করতে পারেন।

এই সাইটটি [reCAPTCHA Enterprise](https://cloud.google.com/security/products/recaptcha#protect-against-fraud-and-abuse-with-a-modern-fraud-prevention-platform) দ্বারা সুরক্ষিত এবং [Google-এর গোপনীয়তা নীতি](https://policies.google.com/privacy) এবং [পরিষেবার শর্তাবলী](https://policies.google.com/terms) প্রযোজ্য।

## **আন্তর্জাতিকভাবে ব্যক্তিগত ডেটা ট্রান্সফার করা**

আমরা আপনার ব্যক্তিগত ডেটা Remitly গ্রুপের সত্তা ও সহায়ক সংস্থাগুলি সহ Remitly-এর পণ্যের পরিবারের মধ্যে এবং বাইরের তৃতীয় পক্ষের সাথে শেয়ার করি (যার শ্রেণিগুলি এই নোটিশে উল্লেখ করা হয়েছে)। এর মধ্যে আপনার বসবাসের দেশের বাইরে সহ আন্তর্জাতিকভাবে আপনার ব্যক্তিগত ডেটা স্থানান্তর জড়িত হতে পারে। যখনই আমরা আপনার ব্যক্তিগত ডেটা আন্তর্জাতিকভাবে স্থানান্তর করব তখন আমরা নিশ্চিত করব যে এটির জন্য একই ধরনের সুরক্ষা দেওয়া হয়েছে। কিছু ক্ষেত্রে, আপনার ব্যক্তিগত তথ্য এমন দেশে স্থানান্তর করা হতে পারে যেগুলি প্রযোজ্য ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ বা সরকারী সংস্থা (নিচে আপনার সাথে আমাদের সম্পর্ক বিভাগে উল্লেখ করা হয়েছে) দ্বারা ব্যক্তিগত ডেটার জন্য পর্যাপ্ত স্তরের সুরক্ষা প্রদান করে বলে মনে করা হয়েছে। অন্যান্য ক্ষেত্রে, আমরা নিশ্চিত করব যে অন্তত পক্ষে একটি আইনানুগ সুরক্ষা কার্যকর করা হয়েছে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আন্তঃ-কোম্পানি চুক্তি, চুক্তিগত সুরক্ষা বা প্রযোজ্য ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ বা সরকার কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট চুক্তি (যেমন স্ট্যান্ডার্ড চুক্তিমূলক ধারা) (যেমনটা নিচে 'আপনার সাথে আমাদের সম্পর্ক' বিভাগে উল্লেখ করা হয়েছে), যা ব্যক্তিগত ডেটাকে আপনার বসবাসের দেশে একই স্তরের সুরক্ষা দেয়।

## **আমরা আপনার ডেটা কতদিন রেখে দিই?**

আমরা আপনার ব্যক্তিগত ডেটা শুধুমাত্র ততদিন রেখে দেব যতদিন আমরা যে উদ্দেশ্যে এটি সংগ্রহ করেছি তা পূরণ হচ্ছে, যার মধ্যে কোনো আইনি, অ্যাকাউন্টিং বা রিপোর্টিং-এর প্রয়োজনীয়তা পূরণ করার উদ্দেশ্য অন্তর্ভুক্ত রয়েছে। ব্যক্তিগত ডেটা রেখে দেওয়ার উপযুক্ত সময়কাল নির্ধারণ করতে, আমরা (অন্যান্য বিষয়গুলির মধ্যে) আপনার বসবাসকারী দেশের উপর ভিত্তি করে নিম্নলিখিতগুলি বিবেচনা করি:

- প্রযোজ্য আইন এবং/অথবা আমাদের নিয়ন্ত্রকদের দ্বারা আমাদের উপর আরোপিত বাধ্যবাধকতা এবং/অথবা রেখে দেওয়ার সময়কাল
- ব্যক্তিগত ডেটার পরিমাণ, প্রকৃতি ও সংবেদনশীলতা
- আপনার ব্যক্তিগত ডেটার অননুমোদিত ব্যবহার বা প্রকাশের জন্য সম্ভাব্য ক্ষতির ঝুঁকি, এবং
- আমরা যে উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করি এবং অন্য কোনো উপায়ে আমরা সেই

উদ্দেশ্যগুলি অর্জন করতে পারব কিনা।

একটি নিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান হিসাবে, আমাদের সাথে আপনার অ্যাকাউন্ট বন্ধ করার পরেও আইন অনুযায়ী আপনার ব্যক্তিগত এবং লেনদেন সংক্রান্ত কিছু ডেটা সংরক্ষণ করা আমাদের পক্ষে আবশ্যক। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমাদের পরিষেবাগুলি ব্যবহার করে আপনি আমাদের সাথে আপনার আইনি সম্পর্ক শেষ হওয়ার পর অন্তত 10 বছরের জন্য আপনার ব্যক্তিগত ডেটা (আপনার লেনদেন এবং আমাদের সংগ্রহ ও আপনার পরিচয় যাচাইকরণ সম্পর্কিত ডেটা সহ) আমাদের কাছে রেখে দেওয়ার বিষয়ে স্পষ্টভাবে সম্মত হচ্ছেন।

## **এই নোটিশে পরিবর্তন**

আমরা যেকোনো সময় এই নোটিশটি সংশোধন করতে পারি, এবং যখনই আমরা তা করব আমরা আমাদের সাইট এবং অ্যাপে একটি সংশোধিত সংস্করণ পোস্ট করে আপনাকে অবহিত করব। প্রতিবার লেনদেন করার সময় অনুগ্রহ করে এই নোটিশটি পর্যালোচনা করুন, কারণ আপনি প্রাথমিকভাবে আমাদের পরিষেবাগুলির জন্য নিবন্ধিত হওয়ার পর থেকে বা আপনার শেষ লেনদেনের পর এটি আপডেট করা হয়ে থাকতে পারে।

আপনি যদি এই নোটিশের কোনো অংশের সাথে বা কোনো পরিবর্তনের সাথে একমত না হন, তাহলে privacy@remitly.com\-এ ইমেইল করে বা অন্যথায় [আমাদের সাথে যোগাযোগ করে](https://www.remitly.com/us/en/help#contact) আপনি আমাদের সঙ্গে আপনার চুক্তি সমাপ্ত করতে পারেন এবং নিজের অ্যাকাউন্ট বন্ধ করতে পারেন।

## **তৃতীয় পক্ষের ওয়েবসাইট ও পরিষেবাগুলির লিঙ্ক**

আমাদের পরিষেবার কিছু অংশ Google Maps API(গুলি) সহ Google Maps পরিষেবাগুলি ব্যবহার করে। এই বৈশিষ্ট্যগুলির ব্যবহার [Google Maps-এর ব্যবহারের অতিরিক্ত শর্তাবলী](https://www.google.com/intl/en-USUS/help/termsmaps.html) এবং [Google-এর গোপনীয়তা নীতি](https://policies.google.com/privacy) সাপেক্ষ। এই সাইট ও পরিষেবা ব্যবহারের মাধ্যমে, আপনি Google-এর শর্তাবলির (সময়ে সময়ে যেমন সংশোধিত হবে) সাথেও সম্মত হচ্ছেন।

আমাদের সাইট এবং অ্যাপে অন্যান্য ওয়েবসাইটের লিঙ্ক রয়েছে, যাদের গোপনীয়তার অনুশীলন Remitly-এর থেকে আলাদা হতে পারে।

আপনি যদি এই ওয়েবসাইটগুলির কোনোটিতে ব্যক্তিগত ডেটা জমা দেন, সেক্ষেত্রে আপনার তথ্য তাদের গোপনীয়তা নীতি দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং আমরা এই নীতিগুলির জন্য বা সেই ওয়েবসাইট বা পরিষেবাগুলির মাধ্যমে সংগ্রহ করা এবং প্রক্রিয়া করা হতে পারে এমন কোনো ব্যক্তিগত তথ্যের (যেমন যোগাযোগের এবং অবস্থানের ডেটা) জন্য কোনো দায়বদ্ধতা বা দায় স্বীকার করি না। আপনি যে ওয়েবসাইট বা সফ্টওয়্যার অ্যাপ্লিকেশন ব্যবহার করেন বা দেখেন তার গোপনীয়তা নীতি মনোযোগ সহকারে পড়ার জন্য আমরা আপনাকে উৎসাহিত করি।

এই পরিষেবা ব্যবহার করার সময় আপনার মোবাইল নেটওয়ার্ক অপারেটর বা আমাদের পরিষেবার অন্যান্য ব্যবহারকারীদের মতো যে তৃতীয় পক্ষের পদ্ধতিগুলির সাথে আপনি জড়িত হবেন সেগুলি এই নোটিশের আওতাভুক্ত নয়। কোনো ব্যক্তিগত তথ্য দেওয়ার আগে আপনার উচিত তাদের গোপনীয়তা নীতি সম্পর্কে প্রযোজ্য তৃতীয় পক্ষের সাথে যোগাযোগ করা।

## **শিশু**

আমরা 18 বছরের কম বয়সী ব্যক্তিদেরকে (যাদের আমরা শিশু এবং অপ্রাপ্তবয়স্ক হিসাবে বিবেচনা করি) আমাদের পরিষেবাগুলি ব্যবহার করা বা আমাদের কাছে কোনো ব্যক্তিগত তথ্য জমা দেওয়া থেকে বিরত থাকতে বলি। 18 বছরের কম বয়সী ব্যক্তিরা আমাদের পরিষেবাগুলি ব্যবহার করার যোগ্য নন এবং যদি আমরা দেখি যে 18 বছরের কম বয়সী কেউ আমাদের সাথে একটি অ্যাকাউন্ট বা প্রোফাইল নিবন্ধন করেছে তাহলে আমরা তা বন্ধ করে দেব।

## **গোপনীয়তা নোটিশের অনুবাদ**

এই নোটিশের খসড়া ইংরেজি ভাষায় করা হয়েছে এবং অন্যান্য ভাষায় এর অনুবাদ প্রদান করা যেতে পারে। আপনি সম্মত হচ্ছেন যে এই নোটিশের সাথে সম্পর্কিত কোনো বিবাদের ক্ষেত্রে ইংরেজি ও অনুবাদ করা সংস্করণগুলির মধ্যে কোনো অসঙ্গতি দেখা গেলে, নোটিশের ইংরেজি সংস্করণকেই গ্রাহ্য করা হবে।

## **যোগাযোগ এবং অভিযোগ**

আমাদের গোপনীয়তা নোটিশ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন, মন্তব্য বা অনুরোধ থাকলে, আপনি DPO@remitly.com এ আমাদের ডেটা সুরক্ষা অফিসার, জন ডেভিড ও'ব্রায়েনের সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি যদি মনে করেন যে আমরা আপনার প্রশ্ন বা উদ্বেগের যথাযথভাবে সমাধান করিনি, অথবা আপনি বিশ্বাস করেন যে আপনার ডেটা সুরক্ষা বা গোপনীয়তার অধিকার লঙ্ঘন করা হয়েছে, তাহলে আপনি "আপনার সাথে আমাদের সম্পর্ক" শিরোনামের বিভাগে তালিকাভুক্ত গোপনীয়তা আইন প্রয়োগের দায়িত্বে থাকা যেকোনো তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ বা অন্য পাবলিক সংস্থার কাছে অভিযোগ করতে পারেন।

## **আপনার সাথে আমাদের সম্পর্ক**

**গ্রাহকের আবাসস্থল:** অস্ট্রেলিয়ার বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Australia, Pty Ltd

**নিবন্ধিত অফিস:** King & Wood Mallesons Level 61 Governor Phillip Tower 1 Farrer Place Sydney Nsw 2000 Australia

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [অস্ট্রেলিয়ান তথ্য কমিশনারের কার্যালয় (Office of the Australian Information Commissioner)](https://www.oaic.gov.au/)

**গ্রাহকের আবাসস্থল:** ব্রাজিলের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Corretora de Cambio Ltda

**নিবন্ধিত অফিস:** Av Paulista, 1374 Andar 11 E 12 Esp 12a124 Bela Vista
Sao Paulo, Brazil
Cep: 01310-916

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [জাতীয় ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ (National Data Protection Authority, ANPD)](https://www.gov.br/anpd/pt-br)

**গ্রাহকের আবাসস্থল:** কানাডার বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Canada, Inc.

**নিবন্ধিত অফিস:** 250 Howe Street, 20th Floor Vancouver, Bc V6c 3r8 Canada

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [গোপনীয়তা বিষয়ক কমিশনারের কার্যালয় (Office of the Privacy Commissioner)](https://www.priv.gc.ca/en/)

**গ্রাহকের আবাসস্থল:** EEA-এর বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Europe Ltd

**নিবন্ধিত অফিস:** Ground Floor, 1 Albert Quay, Ballintemple, Cork, Ireland, T12 X8N6

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ডেটা সুরক্ষা কমিশন (Data Protection Commission, DPC)](https://www.dataprotection.ie/)

**গ্রাহকের আবাসস্থল:** জাপানের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Japan K.K.

**নিবন্ধিত অফিস:** Otemachi Bldg 4F, Finolab Otemachi 1-6-1, Chiyoda, Tokyo 100-0004, Japan

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ব্যক্তিগত তথ্য সুরক্ষা কমিশন (Personal Information Protection Commission)](https://www.ppc.go.jp/en/)

**গ্রাহকের আবাসস্থল:** নিউজিল্যান্ডের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly NZ Limited

**নিবন্ধিত অফিস:** Russell Mcveagh Level 30, Vero Centre 48 Shortland Street Auckland Central 1052 New Zealand

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [গোপনীয়তা বিষয়ক কমিশনারের কার্যালয় (Office of the Privacy Commissioner)](https://privacy.org.nz/)

**গ্রাহকের আবাসস্থল:** ফিলিপিন্সের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly PHL Operations, Inc.

**নিবন্ধিত অফিস:** *Quisumbing Torres 16th Floor, One/NEO Building 26th Street corner 3rd Avenue Crescent Park West, Bonifacio Global City Taguig City, Philippines 1634*

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [জাতীয় গোপনীয়তা কমিশন (National Privacy Commission, NPC)](https://privacy.gov.ph/)

**গ্রাহকের আবাসস্থল:** ফিলিপিন্সের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Philippines, Inc.

**নিবন্ধিত অফিস:** 10/F 8 Rockwell Hildago Corner Plaza Drives Poblacion, City of Makati, 1210, Metro Manila, Philippines

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [জাতীয় গোপনীয়তা কমিশন (National Privacy Commission, NPC)](https://privacy.gov.ph/)

**গ্রাহকের আবাসস্থল:** সিঙ্গাপুরের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly Singapore Pte. Ltd

**নিবন্ধিত অফিস:** 38 Beach Road, South Beach Tower, \#29-11 Singapore 189767

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ব্যক্তিগত ডেটা সুরক্ষা কমিশন (Personal Data Protection Commission)](https://www.pdpc.gov.sg/)

**গ্রাহকের আবাসস্থল:** সংযুক্ত আরব আমিরাতের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly (DIFC) Limited

**নিবন্ধিত অফিস:** Level 15 Unit Gd-Gb-00-15-Bc-23, Gate District Gate Building Dubai International Financial Centre, Dubai,
United Arab Emirates

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ডেটা সুরক্ষা কমিশনার (Commissioner of Data Protection)](https://www.difc.ae/business/registrars-and-commissioners/commissioner-of-data-protection)

**গ্রাহকের আবাসস্থল:** যুক্তরাজ্যের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly U.K. Ltd

**নিবন্ধিত অফিস:** 90 Whitfield Street, London W1t 4ez, United Kingdom

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [তথ্য কমিশনারের কার্যালয় (Information Commissioner's Office, ICO)](https://www.ico.org.uk/)

**গ্রাহকের আবাসস্থল:** মার্কিন যুক্তরাষ্ট্রের বাসিন্দাদের জন্য

**Remitly সত্তা:** Remitly, Inc.

**নিবন্ধিত অফিস:** 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101 USA

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC)](https://www.ftc.gov/)

**গ্রাহকের আবাসস্থল:** মার্কিন যুক্তরাষ্ট্রের বাসিন্দা এবং Remitly Flex-এর গ্রাহকদের জন্য

**Remitly সত্তা:** Remitly ADV, Inc.

**নিবন্ধিত অফিস:** Cogency Global, Inc. 850 New Burton Rd, Ste 201 Dover, DE 19904

**ডেটা সুরক্ষা কর্তৃপক্ষ:** [ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC)](https://www.ftc.gov/) এবং [উপভোক্তা আর্থিক সুরক্ষা ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB)](https://www.consumerfinance.gov/complaint/)

## **আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনি ভিত্তি কী?**

**ব্যক্তিগত ডেটার ধরন:** প্রাথমিক শনাক্তকরণ তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। আপনি এই তথ্য প্রদান না করলে, আপনি কোনো লেনদেন করতে পারবেন না। আপনার সাথে কোনো চুক্তি সম্পাদন, যথা আমাদের ব্যবহারকারী চুক্তি। আমাদের বা তৃতীয় পক্ষের বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয় যার মধ্যে রয়েছে: 1\. আমাদের পরিষেবাগুলি আপনার ব্যবহারের জন্য পেমেন্ট সংগ্রহ করা; 2\. আপনার অ্যাকাউন্টের বা আমাদের পরিষেবাগুলির সমস্যা সমাধান করা; 3\. ডেটা, ট্রেন্ড, এবং আর্থিক বিশ্লেষণ, পরীক্ষা এবং পরিষেবা ট্র্যাকিং সম্পাদন; 4\. অনুসন্ধান, অনুরোধ, অভিযোগ, আবেদন, এবং এর মতো আরও অনেক কিছুর উত্তর দেওয়া, পরিচালনা করা এবং প্রক্রিয়া করা; 5\. আমাদের পরিষেবা, কন্টেন্ট এবং বিজ্ঞাপনের উপর গ্রাহকদের মতামত চাওয়া এবং আমাদের ট্র্যাক করতে, উন্নতি করতে, ব্যক্তিগতকৃত করতে এবং বিকাশ করতে সাহায্য করা; 6\. আমাদের গ্রাহক পরিষেবা এবং সংশ্লিষ্ট দলগুলিকে পর্যবেক্ষণ ও প্রশিক্ষণ দেওয়া; 7\. আমাদের পরিষেবাগুলি ব্যবহার বা সুপারিশ করার জন্য আপনাকে পুরষ্কার বা প্রণোদনা দেওয়া; 8\. ব্যবসা এবং বিপণন বিশ্লেষণ পরিচালনা করা; 9\. আমাদের ব্যবসা বাড়ানো এবং আমাদের বিপণন কৌশল এবং বিজ্ঞাপন প্রচারগুলিকে অবহিত করা; 10\. তথ্য সংগ্রহ করা যা আমাদের বুঝতে দেবে যে কেন এবং কীভাবে আপনি আমাদের এবং আমাদের পরিষেবাগুলির সাথে যোগাযোগ করেন; 11\. আমাদের তৃতীয় পক্ষের অংশীদারদের সাথে কাজ করা যাতে আমরা এবং/বা তারা পুরষ্কার, প্রণোদনা এবং/বা প্রচারণার কার্যকারিতা অফার করতে, প্রদান করতে এবং/বা ট্র্যাক করতে পারে; 12\. আপনাকে পরিষেবার আপডেট এবং প্রচারমূলক অফার পাঠানো; 13\. আমাদের পরিষেবাগুলি আপনার কাছে বিপণন করা, বা বাজার গবেষণা পরিচালনা করা (যদি আপনার অ্যাকাউন্টে আপনার

বিপণন এবং যোগাযোগের পছন্দগুলি আমাদের এটি করার অনুমতি দেয় তবে); এবং 14\. আইনি অধিকার প্রয়োগ করা এবং/অথবা দাবি রক্ষা করা।

**ব্যক্তিগত ডেটার ধরন:** গ্রাহক সহায়তা সংক্রান্ত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়। আপনার সাথে কোনো চুক্তি সম্পাদন, যথা আমাদের ব্যবহারকারী চুক্তি।

**ব্যক্তিগত ডেটার ধরন:** সরকার দ্বারা জারি করা শনাক্তকরণ বা রেকর্ড

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। আপনার সাথে কোনো চুক্তি সম্পাদন, যথা আমাদের ব্যবহারকারী চুক্তি। উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** বিপণন ও যোগাযোগের তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** পেমেন্টের তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। আমাদের পরিষেবাগুলির আপনার ব্যবহারের জন্য পেমেন্ট সংগ্রহের মতো যথার্থ এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** প্রচার ও প্রতিযোগিতা সংক্রান্ত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আপনার সাথে কোনো চুক্তি সম্পাদন।

**ব্যক্তিগত ডেটার ধরন:** প্রাপক বা অনুমোদনপ্রাপ্ত ব্যবহারকারীর তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আপনার সাথে কোনো চুক্তি সম্পাদন, যথা আমাদের ব্যবহারকারী চুক্তি। আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে।

**ব্যক্তিগত ডেটার ধরন:** সংবেদনশীল ব্যক্তিগত ডেটা

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** কিছু নির্দিষ্ট আইনি অঞ্চলে, আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য, আমরা সংবেদনশীল ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করতে পারি যেখানে জনস্বার্থের জন্য প্রয়োজনীয় কারণ যেমন বেআইনি কাজ প্রতিরোধ বা শনাক্তকরণ, বেআইনি কাজ এবং অসততা সম্পর্কিত নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা মেনে চলা বা সন্ত্রাসী অর্থায়ন বা অর্থ পাচারের সন্দেহের প্রতিক্রিয়া জানানো এবং এই আইনি ভিত্তির উপর নির্ভর করে দুর্বল গ্রাহক হিসাবে বিবেচিত ব্যক্তিদের শনাক্ত এবং সহায়তা করতে পারি, যেখানে অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা বা সুযোগ-সুবিধা প্রয়োজন। যেখানে ডেটা সুরক্ষা আইনগুলি শুধুমাত্র আপনার সম্মতিতে আমাদের (বা আমাদের পরিষেবা প্রদানকারীদের) বায়োমেট্রিক ডেটা প্রক্রিয়া করার অনুমতি দেয়, সেখানে আমরা প্রক্রিয়াকরণের আগে আপনার সম্মতি চাইব।

**ব্যক্তিগত ডেটার ধরন:** সমীক্ষা এবং মতামত সংক্রান্ত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** প্রযুক্তিগত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** লেনদেন সংক্রান্ত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে। উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-এ সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

**ব্যক্তিগত ডেটার ধরন:** ব্যবহার সংক্রান্ত তথ্য

**প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনসম্মত ভিত্তি:** উপরে "প্রাথমিক শনাক্তকরণ তথ্য"-তে সেট করা এক বা একাধিক বৈধ স্বার্থের জন্য প্রয়োজনীয়।

## **অঞ্চল নির্দিষ্ট গোপনীয়তার শর্তাবলী**

আমরা আমাদের সমস্ত গ্রাহকদের জন্য প্রতিটি অঞ্চল থেকে সর্বোত্তম গোপনীয়তার পদ্ধতিগুলি প্রয়োগ করার

জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করি, কিন্তু আপনি কোনো নির্দিষ্ট অঞ্চলে বসবাস করলে, এখানে কিছু নির্দিষ্ট প্রয়োজনীয়তা দেওয়া রয়েছে যা আপনার ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।

আপনি যদি ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেন্টাকি বা রোড আইল্যান্ডের বাসিন্দা হন, তাহলে আপনি নিচের গোপনীয়তার অধিকারগুলির সুবিধা নিতে পারেন:

- জানার অধিকার: আমরা আপনার সম্পর্কে কী কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করেছি, তা জানার অধিকার আপনার আছে, যার মধ্যে রয়েছে ব্যক্তিগত তথ্যের শ্রেণিবিভাগ, যে সূত্রগুলি থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হয়েছে সেগুলির শ্রেণিবিভাগ, ব্যক্তিগত তথ্য সংগ্রহ, বিক্রি বা শেয়ার করার ব্যবসায়িক বা বাণিজ্যিক উদ্দেশ্য, যে সমস্ত তৃতীয় পক্ষের কাছে আমরা ব্যক্তিগত তথ্য প্রকাশ করি তাদের শ্রেণিবিভাগ এবং আপনার সম্পর্কে আমরা ব্যক্তিগত তথ্যের যে নির্দিষ্ট অংশগুলি সংগ্রহ করেছি সেগুলি।
- মুছে ফেলার অধিকার: আপনার কাছ থেকে আমাদের সংগ্রহ করা ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অধিকার আপনার রয়েছে। মনে রাখবেন, কিছু কারণ আছে, যেমন যদি আপনার জন্য আমাদের একটি লেনদেন সম্পূর্ণ করতে হয়, সেক্ষেত্রে প্রতারণামূলক এবং বেআইনি কার্যকলাপ চিহ্নিত করা ও সেগুলি থেকে সুরক্ষিত রাখা, আমাদের অধিকার প্রয়োগ করা, আমাদের অভ্যন্তরীণ উদ্দেশ্যে, বা একটি আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য আমরা আপনার অনুরোধ সম্পূর্ণরূপে সমাধান করতে সক্ষম হব না।
- সংশোধন করার অধিকার: আমরা আপনার সম্পর্কে কোনো ভুল তথ্য বজায় রাখলে, যথাযথ যাচাইকরণ সাপেক্ষে, তা সংশোধন করার অধিকার আপনার রয়েছে।
- সংবেদনশীল ব্যক্তিগত তথ্যের ব্যবহার সীমিত করার অধিকার: আপনার সংবেদনশীল ব্যক্তিগত তথ্যের ব্যবহার কেবলমাত্র পণ্য বা পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে সীমাবদ্ধ করার অধিকার আপনার রয়েছে।
- ব্যক্তিগত তথ্য বিক্রয় বা শেয়ার হওয়া থেকে বিরত থাকার অধিকার: ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেনটাকি এবং রোড আইল্যান্ডের গোপনীয়তা আইনে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে সেই অনুযায়ী আপনার ব্যক্তিগত তথ্য "বিক্রয়" বা "শেয়ার হওয়া" থেকে বিরত থাকার অধিকার আপনার রয়েছে। 'ইমেইল থেকে আনসাবস্ক্রাইব করুন' বা 'আমার গোপনীয়তা সংক্রান্ত পছন্দগুলি পরিচালনা করুন' বিকল্পগুলির জন্য [এই](https://www.remitly.com/us/en/help/article/update-profile) সহায়তা পেজে প্রদত্ত ধাপগুলি অনুগ্রহ করে পর্যালোচনা করুন।

*ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেনটাকি এবং রোড আইল্যান্ডের বাসিন্দাদের জন্য*: যদি আপনার Remitly অ্যাকাউন্টে একটি ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেনটাকি বা রোড আইল্যান্ডের ডাক ঠিকানা থাকে, তাহলে আমরা আপনার সম্পর্কে আমাদের সংগ্রহ করা তথ্য

অধিভুক্ত নয় এমন তৃতীয় পক্ষের সাথে শেয়ার করব না, যদি না তা আইন দ্বারা অনুমোদিত হয়, যার মধ্যে রয়েছে, উদাহরণস্বরূপ, আপনার সম্মতি নিয়ে বা আপনার অ্যাকাউন্টে পরিষেবা প্রদান করতে শেয়ার করা তথ্য। আমরা ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেন্টাকি এবং রোড আইল্যান্ডের আইনের প্রয়োজনীয় সীমা পর্যন্ত, আমাদের অধিভুক্তদের সাথে তথ্য শেয়ার করাকে সীমিত করব।

*ভারমন্টের বাসিন্দাদের জন্য*: আপনার Remitly অ্যাকাউন্টে যদি ভারমন্টের ডাক ঠিকানা থাকে, তাহলে আমরা আমাদের অধিভুক্তদের কাছে আপনার ঋণযোগ্যতা সম্পর্কে তথ্য প্রকাশ করব না এবং আপনার কাছে বিপণনের জন্য আপনার ব্যক্তিগত তথ্য, আর্থিক তথ্য, ক্রেডিট রিপোর্ট বা স্বাস্থ্য সংক্রান্ত তথ্য অধিভুক্ত নয় এমন তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করব না, যদি না ভারমন্ট আইনে তার অনুমোদন থাকে এবং যদি না এগুলি প্রকাশ করার জন্য আপনি আমাদের অনুমোদন প্রদান করে থাকেন।

আপনি যদি ভার্জিনিয়ার বাসিন্দা হন, সেক্ষেত্রে আপনি কিছু গোপনীয়তা অধিকারের সুবিধা নিতে পারেন, যেমন আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করার, সংশোধন করার, মুছে ফেলার বা এর একটি কপির জন্য অনুরোধ করার। আমরা ব্যক্তিগত তথ্য "বিক্রি" করি না কিন্তু "লক্ষ্যকৃত বিজ্ঞাপন"-এ সংশ্লিষ্ট হতে পারি, কারণ এই শর্তাদি ভার্জিনিয়া আইনের অধীনে সংজ্ঞায়িত করা হয়েছে, আপনি এই ধরনের বিক্রি বা লক্ষ্যকৃত বিজ্ঞাপন থেকে বিরত থাকার অধিকারও আপনি প্রয়োগ করতে পারেন। আপনার গোপনীয়তার অধিকার প্রত্যাখ্যান করার ক্ষেত্রে আপনার আপিল করার অধিকার রয়েছে।

কীভাবে একটি অনুরোধ জমা দেবেন ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ভার্জিনিয়া, ইন্ডিয়ানা, কেনটাকি বা রোড আইল্যান্ডের আইনের অধীনে আপনার জানার, মুছে ফেলার, সংশোধন করার বা স্থানান্তরযোগ্যতার অধিকারের সদ্ব্যবহার করতে, অথবা আপনার গোপনীয়তার অধিকার অস্বীকারের আপিল জমা দিতে, অনুগ্রহ করে উপরে "[আপনার গোপনীয়তার অধিকার প্রয়োগ করা](https://www.remitly.com/us/en/home/notice#exercising-your-privacy-rights)" বিভাগে বর্ণিত প্রক্রিয়াটি অনুসরণ করুন। আমরা আপনার অ্যাক্সেস করার, মুছে ফেলার, সংশোধন করার, বা স্থানান্তরযোগ্যতার অনুরোধগুলিতে প্রতিক্রিয়া জানানোর আগে আপনার পরিচয় যাচাই করার জন্য কিছু তথ্যের অনুরোধ করতে পারি। আমরা আপনার গোপনীয়তাকে মূল্যবান মনে করি এবং আমরা আপনার গোপনীয়তার অধিকার ব্যবহার করার প্রতিক্রিয়া হিসাবে আপনার সাথে বৈষম্য করব না।

তথ্য সুরক্ষা সংক্রান্ত প্রকাশ আমরা ব্যক্তিগত তথ্যের কোন বিভাগগুলি সংগ্রহ করি এবং এর উদ্দেশ্য কী? আপনি উপরের "আমরা কী কী ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি?" বিভাগে আমাদের সংগ্রহ করা ব্যক্তিগত তথ্যের শ্রেণিবিভাগের একটি তালিকা খুঁজে পেতে পারেন। আমরা যে উৎসগুলি থেকে ব্যক্তিগত তথ্য পাই সেগুলি

সম্পর্কিত বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে, উপরের "কীভাবে আমরা আপনার ব্যক্তিগত ডেটা সংগ্রহ করি" বিভাগটি দেখুন। উপরের "আমরা কীভাবে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার বা প্রক্রিয়া করি?" বিভাগে বর্ণিত ব্যবসায়িক বা বাণিজ্যিক উদ্দেশ্যে আমরা ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং ব্যবহার করি।

প্রকাশিত ব্যক্তিগত তথ্যের বিভাগ এবং প্রাপকদের বিভাগ আমরা ব্যবসায়িক বা বাণিজ্যিক উদ্দেশ্যে নিচে তালিকাভুক্ত শ্রেণিবিভাগের প্রাপকদের কাছে নিম্নলিখিত শ্রেণিবিভাগের ব্যক্তিগত তথ্যগুলি প্রকাশ করি:

- আমরা বুনিয়াদি শনাক্তকরণ তথ্য এদের কাছে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, তৃতীয় পক্ষের অংশীদার, বিজ্ঞাপন নেটওয়ার্ক এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক।
- আমরা গ্রাহক সহায়তার তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা সরকারের ইস্যু করা শনাক্তকরণ বা রেকর্ডগুলি এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা মার্কেটিং ও যোগাযোগের তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা পেমেন্টের তথ্য এদের সাথে শেয়ার করি: কর্পোরেট অধিভুক্ত এবং প্রযোজ্য পরিষেবা প্রদানকারীরা, ঝুঁকি স্কোর করা, জালিয়াতি, সন্ত্রাসবাদ বিরোধী অর্থায়ন এবং অর্থপ্রচারের ক্ষেত্রে আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে চলতে আমাদের সহায়তার জন্য আমরা যাদের সাথে সময়ে সময়ে যুক্ত হই।
- আমরা প্রচারণা এবং প্রতিযোগিতার তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, তৃতীয় পক্ষের অংশীদার, বিজ্ঞাপন নেটওয়ার্ক এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক।
- আমরা প্রাপক অথবা অনুমোদিত ব্যবহারকারীর তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, তৃতীয় পক্ষের অংশীদার, বিজ্ঞাপন নেটওয়ার্ক এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক।
- আমরা Remitly Flex-এর তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা সংবেদনশীল ব্যক্তিগত ডেটা এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা সমীক্ষা এবং প্রতিক্রিয়া সংক্রান্ত তথ্য সেদের সাথে শেয়ার করি: কর্পোরেট অধিভুক্ত, পরিষেবা প্রদানকারী যারা আমাদের প্রোগ্রাম পরিচালনা করতে সাহায্য করে, যেমন কমিউনিটি বা পণ্যের পর্যালোচনা এবং তৃতীয় পক্ষের অংশীদার।
- আমরা প্রযুক্তিগত তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, তৃতীয়

পক্ষের অংশীদার, বিজ্ঞাপন নেটওয়ার্ক এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক।

- আমরা লেনদেনের তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, এবং তৃতীয় পক্ষের অংশীদার।

- আমরা ব্যবহারের তথ্য এদের সাথে শেয়ার করি: পরিষেবা প্রদানকারী, কর্পোরেট অধিভুক্ত, তৃতীয় পক্ষের অংশীদার, বিজ্ঞাপন নেটওয়ার্ক এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক।

- আপনার তথ্য কীভাবে শেয়ার করা হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে, "আমরা আপনার ব্যক্তিগত ডেটা কাদের সাথে শেয়ার করি?" বিভাগটি দেখুন। আমাদেরকে আইনি প্রক্রিয়া মেনেও উপরোক্ত শ্রেণিবিভাগের কোনো তথ্য শেয়ার করতে হতে পারে।

আমাদের কুকিগুলি বা অন্যান্য ট্র্যাকিং প্রযুক্তির ব্যবহার, প্রযোজ্য আইনের অধীনে একটি "বিক্রি করা" / "শেয়ার করা" বলে বিবেচিত হতে পারে। লক্ষ্যকৃত বিজ্ঞাপনের উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করা থেকে আপনার বিরত থাকার অধিকার থাকতে পারে। আমরা জেনে বুঝে 16 বছরের কম বয়সী কোনো গ্রাহকের ব্যক্তিগত তথ্য বিক্রি করি না।

ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেন্টাকি বা রোড আইল্যান্ডের আইনের অধীনে "বিক্রয়" বা "শেয়ারিং" হিসাবে বিবেচিত হতে পারে এমন ব্যক্তিগত তথ্যের শ্রেণি: মৌলিক শনাক্তকরণ তথ্য, প্রযুক্তিগত তথ্য এবং ব্যবহারের তথ্য।

তৃতীয় পক্ষের যেসব শ্রেণির কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করা হয়েছিল এবং যা ক্যালিফোর্নিয়া, টেনেসি, মিনেসোটা, মেরিল্যান্ড, ইন্ডিয়ানা, কেন্টাকি বা রোড আইল্যান্ডের আইনের অধীনে "বিক্রয়" বা "শেয়ারিং" হিসাবে বিবেচিত হতে পারে: বিজ্ঞাপনদাতা এবং বিপণন অংশীদার, ডেটা বিশ্লেষণ সরবরাহকারী এবং সোশ্যাল মিডিয়া নেটওয়ার্ক সহ কিছু পরিষেবা প্রদানকারী।

আপনার তথ্য কীভাবে শেয়ার করা হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে, "আমরা আপনার ব্যক্তিগত ডেটা কাদের সাথে শেয়ার করি?" বিভাগটি দেখুন, যা আমাদের পরিষেবা প্রদানকারী এবং তৃতীয় পক্ষের অংশীদারদের বিষয়ে আরও বিবরণ প্রদান করে। আমাদেরকে আইনি প্রক্রিয়া মেনেও উপরোক্ত শ্রেণিবিভাগের কোনো তথ্য শেয়ার করতে হতে পারে।

## **মার্কিন উপভোক্তার গোপনীয়তা সংক্রান্ত নোটিশ**

যদি আপনি এমন একজন ব্যক্তি হন, যিনি মার্কিন যুক্তরাষ্ট্রে থাকেন এবং আপনার নিজের ব্যক্তিগত, পরিবারের বা ঘরের কাজে Remitly-এর যেকোনো পরিষেবা ব্যবহার করেন তবে নিম্নলিখিত উপভোক্তার গোপনীয়তা নোটিশ আপনার ক্ষেত্রে প্রযোজ্য।

REMITLY আপনার ব্যক্তিগত তথ্য নিয়ে কী করে?

*কেন?*

আর্থিক কোম্পানিগুলি বেছে নেয় যে তারা কীভাবে আপনার তথ্য শেয়ার করবে। ফেডারেল আইন উপভোক্তাদের শেয়ার করা তথ্যের কিছু অংশ সীমাবদ্ধ করার অধিকার দেয় কিন্তু সমস্ত নয়। এছাড়াও ফেডারেল আইন অনুযায়ী আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, শেয়ার করি এবং সুরক্ষিত রাখি তা আমাদের পক্ষে আপনাকে জানানো আবশ্যক। আমরা কী করে থাকি তা বোঝার জন্য অনুগ্রহ করে এই নোটিশটি মনোযোগ সহকারে পড়ুন।

*কী?*

আমরা যে ধরনের ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং শেয়ার করি, তা আমাদের যে পণ্য বা পরিষেবা আপনি ব্যবহার করেন তার উপর নির্ভর করে। এই তথ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- সোশ্যাল সিকিউরিটি নম্বর ও অ্যাকাউন্টের তথ্য
- লেনদেনের ইতিহাস এবং লেনদেন সংক্রান্ত তথ্য বা নির্দেশাবলী

*কীভাবে?*

সমস্ত আর্থিক সংস্থাগুলিকে তাদের দৈনন্দিন ব্যবসা চালানোর জন্য গ্রাহকদের ব্যক্তিগত তথ্য শেয়ার করতে হয়। নিচের টেবিলে, আমরা আর্থিক কোম্পানিগুলি তাদের গ্রাহকদের ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারে এমন কারণ; Remitly যে কারণে শেয়ার করতে চায় এবং আপনি এই শেয়ার করা সীমিত করতে পারবেন কি না তা তালিকাভুক্ত করেছি।

**যে কারণে আমরা আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি:** আমাদের দৈনন্দিন ব্যবসায়িক উদ্দেশ্যে- যেমন আপনার লেনদেন প্রক্রিয়াকরণ, আপনার অ্যাকাউন্ট(গুলি) বজায় রাখতে বা আদালতের আদেশ এবং আইনি তদন্তের প্রতিক্রিয়া জানাতে

**Remitly কি শেয়ার করে?:** হ্যাঁ

**আপনি কি শেয়ার করা সীমাবদ্ধ করতে পারবেন?:** না

**যে কারণে আমরা আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি:** আমাদের বিপণনের উদ্দেশ্যে \- আমাদের পণ্য এবং পরিষেবাগুলি আপনাকে অফার করার জন্য এবং আমাদের লয়্যালটি প্রোগ্রামের অংশ হিসাবে বাস্তবিক উপহার প্রদান করার জন্য।

**Remitly কি শেয়ার করে?:** হ্যাঁ

**আপনি কি শেয়ার করা সীমাবদ্ধ করতে পারবেন?:** না

**যে কারণে আমরা আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি:** অন্যান্য আর্থিক কোম্পানির সাথে যৌথ বিপণনের জন্য

**Remitly কি শেয়ার করে?:** হ্যাঁ

**আপনি কি শেয়ার করা সীমাবদ্ধ করতে পারবেন?:** না

**যে কারণে আমরা আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি:** আমাদের অধিভুক্তদের দৈনন্দিন ব্যবসায়িক উদ্দেশ্যে—আপনার লেনদেন এবং অভিজ্ঞতা সম্পর্কে তথ্য

**Remitly কি শেয়ার করে?:** হ্যাঁ

**আপনি কি শেয়ার করা সীমাবদ্ধ করতে পারবেন?:** না

**যে কারণে আমরা আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি:** যারা অধিভুক্ত নয় তাদের জন্য আপনার কাছে বিপণন করতে

**Remitly কি শেয়ার করে?:** না

**আপনি কি শেয়ার করা সীমাবদ্ধ করতে পারবেন?:** আমরা শেয়ার করি না

আমরা কারা?

Remitly, Inc. এবং Remitly Flex গ্রাহকদের জন্য, Remitly ADV, Inc.

আমরা কী করি?

*Remitly কীভাবে আমার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখে?*

অননুমোদিত অ্যাক্সেস এবং ব্যবহার থেকে আপনার ব্যক্তিগত তথ্যকে নিরাপদ রাখতে, আমরা নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করি যা ফেডারেল আইন মেনে চলে। এই ব্যবস্থাগুলির মধ্যে কম্পিউটার সুরক্ষাব্যবস্থা এবং সুরক্ষিত ফাইল ও ভবন অন্তর্ভুক্ত রয়েছে। আমরা আমাদের কর্মীদের শুধুমাত্র তখনই আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করার জন্য অনুমোদন দিয়ে থাকি যখন তাদের কাজ করার জন্য এটির প্রয়োজন হয় এবং আমাদের হয়ে যেসব কোম্পানি কাজ করে তাদের পক্ষে আপনার তথ্য সুরক্ষিত রাখার বিষয়টি আমরা আবশ্যক করি।

*Remitly কীভাবে আমার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে?*

আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, উদাহরণস্বরূপ, যখন আপনি:

- অ্যাকাউন্ট খোলেন বা আমাদেরকে আপনার যোগাযোগের তথ্য প্রদান করেন
- ফান্ড পাঠানোর বা গ্রহণ করার জন্য Remitly ব্যবহার করেন

আমরা আপনার ব্যক্তিগত তথ্য অন্যদের থেকেও সংগ্রহ করি, যেমন অধিভুক্ত বা অন্যান্য কোম্পানি।

*সমস্ত তথ্য শেয়ার করার বিষয়টি আমি সীমিত করতে পারি না কেন?*

ফেডারেল আইন আপনাকে শুধুমাত্র এগুলি সীমিত করার অধিকার দেয়:

- অধিভুক্তদের দৈনন্দিন ব্যবসায়িক উদ্দেশ্যে শেয়ার করা—আপনার ঋণযোগ্যতা সংক্রান্ত তথ্য

- আপনার কাছে বিপণন করার জন্য অধিভুক্তদের দ্বারা তথ্য ব্যবহার করা
- আপনার কাছে বিপণন করার জন্য, অধিভুক্ত নয় এমন সংস্থার সাথে শেয়ার করা

সংজ্ঞা

অধিভুক্ত: একই মালিকানা বা নিয়ন্ত্রণের অধীনস্থ কোম্পানিগুলি। সেগুলি আর্থিক ও আর্থিক নয় এমন কোম্পানি হতে পারে। আমাদের অধিভুক্তদের মধ্যে Remitly নামের কোম্পানি অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে Remitly UK Ltd, Remitly Europe Ltd, অথবা Remitly Canada, Inc রয়েছে কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়।

অধিভুক্ত নয় এমন: একই মালিকানা বা নিয়ন্ত্রণের অধীনস্থ নয় এমন কোম্পানিগুলি। সেগুলি আর্থিক ও আর্থিক নয় এমন কোম্পানি হতে পারে।

অধিভুক্ত নয় এমন যাদের সাথে আমরা ব্যক্তিগত তথ্য শেয়ার করি তাদের মধ্যে রয়েছে আমাদের হয়ে পরিষেবা বা কার্য সম্পাদনকারী পরিষেবা প্রদানকারীরা।

যৌথ বিপণন: অধিভুক্ত নয় এমন আর্থিক কোম্পানিগুলির মধ্যেকার একটি আনুষ্ঠানিক চুক্তি, যারা একসাথে আপনার কাছে আর্থিক পণ্য বা পরিষেবার বিপণন করে। আমাদের যৌথ বিপণন অংশীদারদের মধ্যে রয়েছে আর্থিক কোম্পানি ও ব্যাংকসমূহ।